

মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫৪১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০০৭]

১৫. কিতাবুল ইস্তিসকা (বৃষ্টি প্রার্থনা) (كتاب الاستسقاء)

পরিচ্ছেদঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দু'আঃ ইউসূফ (আঃ)এর যামানার অনাবৃষ্টির অনুরূপ অনাবৃষ্টিতে তাদেরকে আক্রান্ত কর

باب دُعَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " اجْعَلْهَا عَلَيْهِمْ سِنِينَ كَسَنِي يُوسُفَ "

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: إِنَّ النَّبِيَّ لَمَّا رَأَى مِنَ النَّاسِ إِدْبَارًا، قَالَ اللَّهُمَّ سَبْعَ كَسْبَعٍ يُوسُفَ. فَأَخَذَتْهُمْ سَنَةٌ حَصَّتْ كُلَّ شَيْءٍ حَتَّى أَكَلُوا الْجُلُودَ وَالْمَيْتَةَ وَالْجِيفَ، وَيَنْظُرُ أَحَدُهُمْ إِلَى السَّمَاءِ، فَيَرَى الدُّخَانَ مِنَ الْجُوعِ، فَأَتَاهُ أَبُو سُفْيَانَ، فَقَالَ: يَا مُحَمَّدُ، إِنَّكَ تَأْمُرُ بِطَاعَةِ اللَّهِ وَبِصِلَةِ الرَّحِمِ، وَإِنَّ قَوْمَكَ قَدْ هَلَكُوا فَادْعُ اللَّهَ لَهُمْ، قَالَ اللَّهُ تَعَالَى: ﴿فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ﴾ إِلَى قَوْلِهِ: ﴿إِنَّكُمْ عَائِدُونَ يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرَى إِنَّا مُنْتَقِمُونَ﴾ فَالْبَطْشَةُ يَوْمَ بَدْرٍ، وَقَدْ مَضَتْ الدُّخَانُ، وَالْبَطْشَةُ وَاللِّزَامُ وَآيَةُ الرُّومِ (بخاری: ۱۰۰۰)

বাংলা

৫৪১) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন দেখলেন মানুষেরা ইসলামের কথা শুনছেন তখন তিনি এই বলে বদু'আ করলেন, হে আল্লাহ! সাত বছর পর্যন্ত তাদের উপর দুর্ভিক্ষ চাপিয়ে দিন যেমনভাবে ইউসূফ (আঃ)এর যামানায় সাত বছর পর্যন্ত দুর্ভিক্ষ চাপিয়ে দিয়েছিলেন। পরবর্তীতে অনাবৃষ্টি তাদেরকে এমনভাবে আক্রমণ করল যে, তাদের সকল সম্পদ ধ্বংস হয়ে গেল। দুর্ভিক্ষের তাড়নায় তারা চামড়া, মৃত জন্তু এবং পচা ও গলিত জানোয়ারের গোশত খেতে লাগল। তাদের কেউ যখন আকাশের দিকে দৃষ্টি দিত তখন ক্ষুধার কারণে শুধু ধোঁয়া দেখতে পেত। আবু সুফিয়ান তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট আগমন করে বললঃ হে মুহাম্মাদ! তুমি আল্লাহর আনুগত্য করার ও আত্মীয় স্বজনের প্রতি সম্পর্ক বজায় রাখার আদেশ করে থাক। অথচ তোমার জাতির লোকেরা ধ্বংস হয়ে যাচ্ছে। তুমি তাদের জন্য আল্লাহর নিকট দু'আ কর। তাদের অবস্থার বর্ণনা দিয়ে আল্লাহ তাআলা বলেনঃ

﴿فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ﴾ (১০) يَغْشَى النَّاسَ هَذَا عَذَابٌ أَلِيمٌ (১১) رَبَّنَا اكْشِفْ عَنَّا الْعَذَابَ إِنَّا مُؤْمِنُونَ (১২) أَنَّى لَهُمُ الذِّكْرَى وَقَدْ جَاءَهُمْ رَسُولٌ مُبِينٌ (১৩) ثُمَّ تَوَلَّوْا عَنْهُ وَقَالُوا مُعَلِّمٌ مَجْنُونٌ ﴿

“অতএব তুমি অপেক্ষা কর সেই দিনের যেদিন আকাশ ধোঁয়ায় আচ্ছন্ন হবে। এবং তা আচ্ছন্ন করে ফেলবে মানব জাতিকে। এটা হবে এক যন্ত্রনাদায়ক শাস্তি। তখন তারা বলবেঃ হে আমাদের প্রতিপালক! আমাদেরকে এই শাস্তি হতে মুক্তি দিন, আমরা ঈমান আনয়ন করবো। তারা কি করে উপদেশ গ্রহণ করবে? তাদের কাছে তো এসেছে সুস্পষ্ট একজন রাসূল। অতঃপর তারা তাঁকে পৃষ্ঠ প্রদর্শন করে বলেছেঃ সে তো শেখানো কথা বলছে, সে তো একজন পাগল। আমি আযাব একটু খানি সরিয়ে নিচ্ছি। কিন্তু এরপরও তোমরা পূর্বের ন্যায় আচরণ করবে। যে দিন আমি তাদেরকে কঠিনভাবে পাকড়াও করব। (সূরা দুখানঃ ১০-১৬) ইবনে মাসউদ (রাঃ) বলেনঃ বদরের যুদ্ধের দিনটি ছিল তাদেরকে কঠোরভাবে পাকড়াও করার দিন। সুতরাং কুরআন মজীদে যে ধোঁয়ার কথা বর্ণিত হয়েছে তা এসে গেছে, কঠিন আঘাতও এসে গেছে। মক্কার কাফেরদেরকে হত্যা ও গ্রেফতার করা হবে বলে যে কথা বলা হয়েছে তাও বাস্তবায়িত হয়েছে। পারস্যদের বিরুদ্ধে রোমকরা বিজয়ী হবে বলে যে ভবিষ্যদ্বাণী করা হয়েছে তাও বাস্তবায়িত হয়েছে।

English

Invocation of the Prophet (pbuh)

Narrated Masruq:

We were with `Abdullah and he said, "When the Prophet (ﷺ) saw the refusal of the people to accept Islam he said, "O Allah! Send (famine) years on them for (seven years) like the seven years (of famine during the time) of (Prophet) Joseph." So famine overtook them for one year and destroyed every kind of life to such an extent that the people started eating hides, carcasses and rotten dead animals. Whenever one of them looked towards the sky, he would (imagine himself to) see smoke because of hunger.

So Abu Sufyan went to the Prophet (ﷺ) and said, "O Muhammad! You order people to obey Allah and to keep good relations with kith and kin. No doubt the people of your tribe are dying, so please pray to Allah for them." So Allah revealed: "Then watch you For the day that The sky will bring forth a kind Of smoke Plainly visible ... Verily! You will return (to disbelief) On the day when We shall seize You with a mighty grasp. (44.10-16) Ibn Mas`ud added, "Al-Batsha (i.e. grasp) happened in the battle of Badr and no doubt smoke, Al-Batsha, Al-Lizam, and the verse of Surat Ar-Rum have all passed.

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89839>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন